# কৃষি অর্থনীতি বার্তা

বর্ষ-২, সংখ্যা-১ নভেম্বর ২০১৯ - জুন ২০২০

## বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির ষান্মাসিক মুখপত্র


## জাতীয় শোক দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত




*জাতীয় শোক দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক **জনাব ওবায়দুল কাদের** এমপি*

১৫ আগস্ট ২০১৯ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস। এ উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি ২৩ আগস্ট ২০১৯ শুক্রবার বিকেল ৪.৩০টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তন, ফার্মগেট, ঢাকায় এক আলোচনা সভার আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগ এর সম্মানিত সাধারণ সম্পাদক **জনাব ওবায়দুল কাদের** এমপি জাতীয় শোক দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগ প্রেসিডিয়াম এর অন্যতম সদস্য **ড. মো. আব্দুর রাজ্জাক** এমপি এবং কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এর সাবেক সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগ এর যুগ্ম সাধারণ সম্পাদক **কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম** উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি'র সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের

সাবেক সিনিয়র সচিব **জনাব সাজ্জাদুল হাসান**। উক্ত আলোচনা সভায় সূচনা বক্তব্য প্রদান করেন সমিতির মহাসচিব ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদের ডিন প্রফেসর এম কামরুজ্জামান। আলোচনা সভার শুরুতেই শতসহস্র বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, বাঙ্গালী জাতির মহানায়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতির পিতার সহধর্মিনী, মহিয়সী নারী বেগম ফজিলাতুননেছা মুজিবসহ ১৫ আগস্ট ১৯৭৫ এ শহীদ জাতির পিতার পরিবারবর্গসহ অন্যান্য সকলের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। এছাড়াও 'কিভাবে স্বাধীনতা শব্দটি আমাদের হলো' কবিতাটি আবৃত্তি করে শোনান প্রখ্যাত আবৃত্তিকার ভাস্বর বন্দোপাধ্যায়। শোক দিবসের আলোচনা সভায় বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর অধিদপ্তরের প্রধানগণ, বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনিবাহী পরিষদের নেতৃবৃন্দ, বিভিন্ন পর্যায়ের বিশিষ্ট কৃষি অর্থনীতিবিদগনসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।




*বিশেষ অতিথির বক্তব্য রাখছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য* ***কৃষিবিদ ড. মো. আব্দুর রাজ্জাক*** *এমপি*



*বিশেষ অতিথির বক্তব্য রাখছেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক* ***কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম***




*বক্তব্য রাখছেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সভাপতি ও বিমান বাংলাদেশ এয়ারলাইনস পরিচালনা পর্ষদের চেয়ারম্যান* ***জনাব সাজ্জাদুল হাসান***



*সূচনা বক্তব্য রাখছেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির মহাসচিব প্রফেসর এম কামরুজ্জামান*




*কবিতা আবৃত্তি করছেন বিশিষ্ট আবৃত্তিকার ভাস্বর বন্দোপাধ্যায়*




*মঞ্চে উপবিষ্ট সম্মানিত অতিথিবৃন্দ*




*উপস্থিত দর্শকবৃন্দের একাংশ*

# একুশে পদক প্রাপ্তিতে ড. শামসুল আলম ও ড. মো. জাহাঙ্গীর আলম খানকে সম্বর্ধনা জ্ঞাপন




*সম্বর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক **ডা. দিপু মনি** এমপি*

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সাবেক সভাপতি ও পরিকল্পনা কমিশনের সদস্য (সিনিয়র সচিব) প্রফেসর ড. শামসুল আলম এবং বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সাবেক সভাপতি ও ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজের ভাইস চ্যান্সেলর ড. মো. জাহাঙ্গীর আলম খানকে একুশে পদক প্রাপ্তিতে সমিতির পক্ষ থেকে **১১** মার্চ ২০২০ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে সম্বর্ধনা জানানো হয়। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত সভাপতি ও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব সাজ্জাদুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্বর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক **ডা. দিপু মনি** এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ড. আতিউর রহমান। সম্বর্ধনা অনুষ্ঠানে বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর অধিদপ্তরের প্রধানগণ, বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনিবাহী পরিষদের নেতৃবৃন্দ, বিভিন্ন পর্যায়ের বিশিষ্ট কৃষি অর্থনীতিবিদগনসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সমিতির মহাসচিব প্রফেসর এম কামরুজ্জামান সম্বর্ধনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন সমিতির জ্যেষ্ঠ সহ-সভাপতি শুভংকর সাহা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক **ডা. দিপু মনি** এমপি সম্বর্ধনা স্মারক প্রদান করছেন পরিকল্পনা কমিশনের সদস্য (সিনিয়র সচিব) প্রফেসর ড. শামসুল আলমকে



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক **ডা. দিপু মনি** এমপি সম্বর্ধনা স্মারক প্রদান করছেন ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজের ভাইস চ্যান্সেলর ড. মো. জাহাঙ্গীর আলম খানকে



সম্বর্ধনা অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখছেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত সভাপতি ও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব সাজ্জাদুল হাসান



সম্বর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখছেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ড. আতিউর রহমান



সম্বর্ধনা অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করছেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির জ্যেষ্ঠ সহ-সভাপতি শুভংকর সাহা।



সম্বর্ধনা অনুষ্ঠানে সূচনা বক্তব্য রাখছেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির মহাসচিব প্রফেসর এম কামরুজ্জামান

## বর্ন্যাঢ্য রাজনৈতিক জীবনের অধিকারী কৃষিবিদ আব্দুল মান্নানের মৃত্যুতে শোক প্রকাশ






বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-ছাত্রী সংসদ (বাকসু) এর সাবেক ভিপি, বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক, কেআইবির সাবেক মহাসচিব বারবার নির্বাচিত সংসদ সদস্য কৃষিবিদ আব্দুল মান্নানের মৃত্যুতে বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদের ১৩তম সভায় এক শোক প্রস্তাব পাশ করা হয়। সভায় মরহুমের বর্ণ্যাঢ্য রাজনৈতিক জীবনের স্মৃতিচারন করে মরহুমের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয় এবং মরহুমের পরিবারের শোকসন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়। পরবর্তীতে মরহুমের নামাজে জানাযায় অংশগ্রহণ করে মরহুমের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসান, পরিকল্পনা কমিশনের সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলমসহ কৃষি অর্থনীতিবিদ সমিতির নেতৃবৃন্দ।




কৃষিবিদ আব্দুল মান্নানের মৃত্যুতে বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনিবাহী পরিষদের সভায় এক মিনিট দাঁড়িয়ে নিরবতা পালন করা হয়



বর্ণ্যাঢ্য রাজনৈতিক জীবনের অধিকারী কৃষিবিদ আব্দুল মান্নানের মরদেহে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছেন বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির নেতৃবৃন্দ

## বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক সমিতির সভাপতি জনাব সাজ্জাদুল হাসানকে সম্বর্ধনা জ্ঞাপন

বাংলাদেশের কৃষি অর্থনীতিবিদদের দীর্ঘদিনের প্রত্যাশা হচ্ছে অর্জিত জ্ঞান ব্যবহার করে পেশাগত জীবনে দক্ষতার সাথে রাষ্ট্রের সেবায় নিয়োজিত করা। স্বাভাবিকভাবেই প্রত্যাশা ছিল বাংলাদেশ সিভিল সার্ভিসে কৃষি অর্থনীতিবিদদের জন্য পৃথক ক্যাডার সার্ভিস চালু করা। বিগত ৪ নভেম্বর ২০১৯ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গেজেট প্রকাশের মাধ্যমে কৃষি অর্থনীতিবিদদের দীর্ঘদিনের সেই প্রত্যাশা পূরণ হয়। কৃষি বিপণন অধিদপ্তরের সহকারী পরিচালক/কৃষি বিপণন কর্মকর্তা হিসেবে শুধুমাত্র কৃষি অর্থনীতিবিদদের নিয়োগের সুযোগ সৃষ্টি হয়। সমিতির সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসানের নেতৃত্বে দীর্ঘদিনের এই প্রত্যাশা পুরণ হওয়ায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক বিগত ১৮ নভেম্বর ২০১৯ বাকৃবিতে জনাব সাজ্জাদুল হাসানের জন্য এক সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. লুৎফুল হাসানের পৃষ্ঠপোষকতায় এবং কৃষি অর্থনীতি ও গ্রামীণ



বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসানকে সম্বর্ধনা স্মারক প্রদান করছেন বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম

সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আকতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সম্বর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইমেরিটাস প্রফেসর ড. এম এ সাত্তার মন্ডল এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো. জসিমউদ্দিন খান। অনুষ্ঠানে সর্বস্তরের কৃষি অর্থনীতিবিদগণসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।



*বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসানকে সম্বর্ধনা প্রদানের উদ্দেশ্যে আনন্দ শোভাযাত্রা*

রেজিস্টার্ড নং ডি এ-১

**বাংলাদেশ গেজেট**

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৫ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ৩৪৮-আইন/২০১৯।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরিউক্ত বিধিমালা এর তপশিল-১ এর ক্রঃ নং (২) এর বিপরীতে পদের নাম কলামে উল্লিখিত দফা (খ) ও পদের নামের পরিবর্তে নিম্নরূপ দফা (খ) ও পদের নাম এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা কলামে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

"

| | |
|---|---|
| **(খ) কৃষি বিপণন অধিদপ্তর** সহকারী পরিচালক/কৃষি বিপণন কর্মকর্তা | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি অর্থনীতি/কৃষি বিপণন/কৃষি ব্যবসা/কৃষি ব্যবসা প্রশাসন/কৃষি বিপণন সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। |

"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd
(২৪৬১৯)
মূল্য : টাকা ৪.০০

*কৃষি অর্থনীতিবিদদের ঐতিহাসিক ক্যাডার সার্ভিসের গ্যাজেটের কপি*

## জ্যেষ্ঠ কৃষি অর্থনীতিবিদদের সম্মানে নৈশভোজ



*নৈশভোজে উপস্থিত জ্যেষ্ঠ কৃষি অর্থনীতিবিদগণ*

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত সভাপতি ও বিমান বাংলাদেশ এয়ারলাইনসের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব সাজ্জাদুল হাসান বিগত ৬ ডিসেম্বর ২০১৯ জ্যেষ্ঠ কৃষি অর্থনীতিবিদ এবং বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদের কর্মকর্তাদের সম্মানে তাঁর বাসভবনে এক নৈশভোজের আয়োজন করেন। উক্ত নৈশভোজে জ্যেষ্ঠ কৃষি অর্থনীতিবিদদের মাঝে উপস্থিত ছিলেন প্রফেসর ড. আ মু মুয়াজ্জাম হোসাইন, প্রফেসর ড. রেজাউল করিম তালুকদার, প্রফেসর ড. শামসুল আলম, প্রফেসর ড. এম এ সাত্তার মন্ডল, প্রফেসর ড. শংকর কুমার রাহা, প্রফেসর ড. মো. হাবিবুর রহমান, ড. মো. জাহাঙ্গীর আলম, প্রফেসর ড. তোফাজ্জল ইসলাম প্রমুখ। এছাড়াও কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আকতারুজ্জমান, কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব আবু ইউসুফসহ সমিতির কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



*নৈশভোজে উপস্থিত জ্যেষ্ঠ কৃষি অর্থনীতিবিদগণের সাথে ফুলেল শুভেচ্ছা বিনিময়*

# কৃষি অর্থনীতিবিদ সমিতির সঙ্গে হার্ভার্ড ইউনিভার্সিটির প্রতিনিধিদের মতবিনিময়

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সাথে হার্ভার্ড ইউনিভার্সিটির প্রতিনিধি দলের এক বৈঠক অনুষ্ঠিত হয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিবের দপ্তরে। সমিতির সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব জনাব সাজ্জাদুল হাসান, বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য ড. শামসুল আলম ও সমিতির মহাসচিব অধ্যাপক এম কামরুজ্জামান বৈঠকে ছিলেন।

হার্ভার্ড ইউনিভার্সিটির প্রতিনিধি দলে ছিলেন ডেমোক্রেটিক গভর্নেন্স অ্যান্ড ইনোভেশন ইউনিটের সিনিয়র রিসার্চ ফেলো ম্যালকম এফ ম্যাকফারসন, ডায়েউ ইন্টারন্যাশনাল এফেয়ার্সের অধ্যাপক এন্থনি সায়েক ও সিনিয়র ফেলো ইকবাল কাদির।

হার্ভার্ড ইউনিভার্সিটির প্রতিনিধি দল বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিযোজন প্রক্রিয়ায় গৃহীত পদক্ষেপের প্রশংসা করেন। সভায় বাংলাদেশের তাপমাত্রা বৃদ্ধি পাওয়াতে রোগ প্রতিরোধক ক্ষমতা সম্পন্ন নতুন নতুন জাত ও প্রযুক্তি উদ্ভাবনের ওপর গুরুত্বারোপ করা হয়। এক্ষেত্রে ভিয়েতনামের অভিজ্ঞতা কাজে লাগানো যেতে পারে বলেও হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এন্থনি অভিমত ব্যক্ত করেন। তিনি বাংলাদেশের বিভিন্ন অর্থনৈতিক অঞ্চলে কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনের উপরও গুরুত্বারোপ করেন।

সভায় অতিথিদের 'ফার্ম ইকোনমি' জার্নালের একটি কপি হস্তান্তর করা হয়।




*বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসান বিমান এয়ারলাইনস পরিচালনা পর্ষদের চেয়ারম্যান নিযুক্ত হওয়ায় বাংলাদেশ কৃষি অর্থনীতিবীদ সমিতির পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়।*

# সমিতির কার্যনির্বাহী পরিষদের সভা

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদ এর দশম সভা ৭ আগস্ট ২০১৯ বুধবার বিকেল ৬টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি'র সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয় এর সিনিয়র সচিব জনাব সাজ্জাদুল হাসান উক্ত সভায় সভাপতিত্ব করেন। সভার শুরুতেই শতসহস্র বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, বাঙ্গালী জাতির মহানায়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতির পিতার সহধর্মিনী, মহিয়সী নারী বেগম ফজিলাতুননেছা মুজিবসহ ১৫ আগস্ট ১৯৭৫ এ শহীদ জাতির পিতার পরিবারবর্গসহ অন্যান্য সকলের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

উক্ত সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার রজত জয়ন্তী যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়নের জন্যে একটি উপ-কমিটি গঠন করা হয়।

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদ এর ১১তম সভা ১৭ আগস্ট ২০১৯ বিকেল ৬টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি'র সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয় এর সিনিয়র সচিব জনাব সাজ্জাদুল হাসান উক্ত সভায় সভাপতিত্ব করেন। সভায় আগামি ২৩ আগস্ট অনুষ্ঠিতব্য জাতীয় শোক দিবসের আলোচনা সভার প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা সভার সফল বাস্তবায়নের জন্য অভ্যর্থনা, মঞ্চ ও আসন ব্যবস্থাপনা, আমন্ত্রণপত্র বিতরণ, কালোব্যাজ ধারন ও সার্বিক ব্যবস্থাপনা বিষয়ক কয়েকটি উপ-কমিটি গঠন করা হয়।

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদের (২০১৮-২০২০) ১২তম সভা ৬ ডিসেম্বর ২০১৯ রাত ৭.৩০টায় সমিতির সম্মানিত সভাপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব জনাব সাজ্জাদুল হাসানের বাসভবনে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সমিতির সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসান। সভার শুরুতেই সমিতির সম্মানিত সভাপতির ঐকান্তিক প্রচেষ্টায় বাংলাদেশ সিভিল সার্ভিসে কৃষি বিপণন অধিদপ্তরে কৃষি অর্থনীতিবিদদের জন্য ক্যাডার সার্ভিস চালু হওয়ায় সমিতির সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসানের প্রতি অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।



*সমিতির কার্যনির্বাহী পরিষদ এর ১২ম সভা সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসান এর সভাপতিত্বে ৬ ডিসেম্বর ২০১৯ রাত ৭.৩০টায় সভাপতি মহোদয়ের বাসভবনে অনুষ্ঠিত হয়।*

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদের (২০১৮-২০২০) ১৩তম সভা ৬ ফেব্রুয়ারি ২০২০ সন্ধ্যা ৬.০০টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সমিতির সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসান। সভায় মরহুম কৃষিবিদ আব্দুল মান্নান এমপি এর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এক মিনিট নিরবতা পালন করা হয়।




*সমিতির কার্যনির্বাহী পরিষদ এর ১৩ম সভা সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসান এর সভাপতিত্বে ৬ ফেব্রুয়ারি সন্ধ্যা ৬টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়।*

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদের (২০১৮-২০২০) ১৪তম সভা ৪ মার্চ ২০২০ সন্ধ্যা ৬.১৫ টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সমিতির সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসান। বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সাবেক সভাপতি ও পরিকল্পনা কমিশনের সদস্য (সিনিয়র সচিব) প্রফেসর ড. শামসুল আলম এবং বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির সাবেক সভাপতি ও ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজের ভাইস চ্যান্সেলর ড. মো. জাহাঙ্গীর আলম সম্মানজনক একুশে পদক প্রাপ্ত হওয়ায় তাদেরকে অভিনন্দন জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।




*সমিতির কার্যনির্বাহী পরিষদ এর ১৪তম সভা সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসান এর সভাপতিত্বে ৪ মার্চ সন্ধ্যা ৬.১৫টায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়।*

বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির কার্যনির্বাহী পরিষদের (২০১৮-২০২০) ১৫তম সভা ০৩ জুন ২০২০ সকাল ১১ টায় করোনা ভাইরাস সংকটের প্রেক্ষাপটে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সমিতির সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসান। বর্তমান করোনা ভাইরাস সংকটকালীন অবস্থার প্রেক্ষিতে সমিতির গঠনতন্ত্রের বিধান অনুযায়ী আগামি ১৪ আগস্ট ২০২০ তারিখের মধ্যে পরবর্তী কার্যনির্বাহী পরিষদের নির্বাচন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে কাযনির্বাহী পরিষদ যথাযথভাবে সচেষ্ট থাকবে। প্রতিকুল পরিস্থিতি বা অনিবায কারণে তা সম্পন্ন করা সম্ভব না হলে সমিতির গঠনতন্ত্রের বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও সুবিধাজনক সময়ে ১৭তম দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠানেরও সিদ্ধান্ত গৃহীত হয়।









*সমিতির কার্যনির্বাহী পরিষদ এর ১৫তম সভা সম্মানিত সভাপতি জনাব সাজ্জাদুল হাসান এর সভাপতিত্বে ০৩ জুন সকাল ১১টায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।*

**Rajdhani Unnayan Kartripakkha**

**Premium & Surcharge (Plot) Receipt**

Copy for Depositor's

**STD A/C NO. 36000428**

**Janata Bank Ltd.**

**Rajuk Bhaban Corp. Branch**

| M.R No. | C0000045785 |
|---|---|
| Date | 29/07/2019 |

29 JUL 2019

Received with thanks from Mr/ Ms/ M/S : BANGLADESH AGRICULTURAL ECONOMISTS ID NO : BANGLADESH

Mobile No : 01912980044 Parent's Name : N/A Spouse Name :

Address : 3/2/4-A, BOROBAG, MIRPUR-2, DHAKA-1216

| | Premium | Surcharge/ Interest | Total |
|---|---|---|---|
| An amount of BDT | 3,400,000.00 | 0.00 | 3,400,000.00 |

Amount in word : Thirty Four Lac BDT Only

Against Plot Code No : National ID No : NILL Installment No: 1

In the form of Pay Order No : 1562943 Date : 29/07/2019 Bank : JANATA BANK LTD.

Branch : FARMGATE CORPORATE In favour of : CHAIRMAN RAJUK

As per Letter No : PUR/31 Date : 15/04/2019 Against allotee's Code No : N/A Plot No : N/A

Road No : N/A Block No : N/A Sector No : N/A of Purbachal

Remarks : BANGLADESH AGRICULTURAL ECONOMISTS ASSOCIATION OBO SAJJADUL HASAN

Prepared By : IMDADUL Received By Officer Manager

Updated Date 30/07/2019 9:58 AM Print Date 30/07/2019 9:59:31 AM Powered by ATI Limited

M.R. Charge 20 taka

*বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির দীর্ঘ প্রত্যাশিত ঠিকানা হিসেবে পুর্বাচলে*
*১০ কাঠা প্লটের সাময়িক বরাদ্দপত্রের অনুকূলে প্রথম কিস্তির ৩৪ (চৌত্রিশ) লক্ষ টাকা জমা দেয়া হয়।*



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।
Website: www.rajukdhaka.gov.bd

[illegible] তারিখ: ২৮/০৪/২০১৯খ্রি.

কাটাগরী: এস.আই.এস (সোশ্যাল ইনফ্রাস্ট্রাকচার)।

প্রাপক: বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি এর পক্ষে
সভাপতি
জনাব সাজ্জাদুল হাসান
বর্তমান ঠিকানা: ৩/২/৪-এ, বড়বাগ, মিরপুর-২, ঢাকা-১২১৬।

বিষয়: পূর্বাচল নতুন শহর প্রকল্প এলাকায় প্রাতিষ্ঠানিক প্লটের সাময়িক বরাদ্দপত্র।

[illegible]

২। প্রাতিষ্ঠানিক প্লটের মূল্য কাঠা প্রতি টাঃ ১০,০০,০০০/- (দশ লক্ষ) মাত্র নির্ধারণ করা হয়েছে।

৩। [illegible]

| প্লটের আয়তন | ১ম কিস্তির অর্থের পরিমাণ |
|---|---|
| ১০.০০ কাঠা (কম/বেশী) | টাঃ ৩৪,০০,০০০/- (চৌত্রিশ লক্ষ) মাত্র। |

৪। [illegible]

৫। [illegible]

৬। [illegible]

৭। [illegible]

(হাবিবুর রহমান)
উপ-পরিচালক (এস্টেট ও ভূমি-৩) [illegible]
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
ফোন: [illegible] (অফিস)

[illegible] তারিখ: ........./........./২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। [illegible], রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, পূর্বাচল নতুন শহর প্রকল্প, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৩। পরিচালক (অর্থ ও হিসাব), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৪। সহকারী মহা-ব্যবস্থাপক
[illegible] ব্যাংক লিমিটেড, রাজউক ভবন শাখা, ঢাকা।

(হাবিবুর রহমান)
উপ-পরিচালক (এস্টেট ও ভূমি-৩) [illegible]
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
ফোন: [illegible] (অফিস)

*বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির দীর্ঘ প্রত্যাশিত ঠিকানা হিসেবে পুর্বাচলে ১০ কাঠা প্লটের সাময়িক বরাদ্দপত্রের কপি*


**প্রকাশনায়ঃ**
বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি, ৩/২/৪-এ বড়বাগ, মিরপুর-২, ঢাকা-১২১৬।

**উপদেষ্টাঃ**

**জনাব সাজ্জাদুল হাসান**
সভাপতি, বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি ও
পরিচালনা পর্ষদের চেয়ারম্যান
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

**প্রফেসর ড. এম কামরুজ্জামান**
মহাসচিব, বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি ও
ডীন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়।

**সম্পাদকঃ**

**মিটুল কুমার সাহা**
প্রকাশনা সম্পাদক
বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতি ও
সহকারী মহাব্যবস্থাপক (বিপণন)
হর্টেক্স ফাউন্ডেশন, ঢাকা।

**ই-মেইলঃ**
info@baea.org.bd
kamruzzaman@bsmrau.edu.bd,
mitulecon@gmail.com

**ওয়েবসাইটঃ** www.baea.org.bd

**মুদ্রণেঃ** নেক্সট প্রিন্টার্স, ঢাকা।
**মুদ্রণ সংখ্যাঃ** ৭০০ কপি।
**প্রকাশঃ** জুন ২০২০।